

3 (Sem-2) BEN L

Bijni College Library  
P.O.-Bijni, Dist.-Chirang  
(B.T.A.D) Assam.

2013

ELECTIVE BENGALI

( Madhyajuger Sahitya )

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) “আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ ।” ‘নবদ্বীপচন্দ’ কাকে  
বলা হয়েছে ?

(খ) “রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল ।  
যৌবনের বনে মন হারাইয়া গেল ॥”  
পদটির রচয়িতা কে ?

(গ) “শূন ভেল — শূন ভেল নগরী ।  
শূন ভেল দশদিশ শূন ভেল সগরী ॥”  
(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) “কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান  
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন ॥”

‘অবলা’ শব্দের অর্থ কী ?

(ঙ) চৈতন্যদেবের মাতার নাম কী ?

(চ) চৈতন্যদেব নবদ্বীপের কোন্ অধ্যাপকের কাছে বিদ্যাশিক্ষা গ্রহণ করেছিলেন ?

(ছ) “তবে প্রভু যুগধর্ম স্থাপন করিতে ।

— অবতীর্ণ হয়ে পৃথিবীতে ॥”

(শূন্যস্থান পূর্ণ করো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) শ্রীকৃষ্ণের মথুরা গমনকালে বৃন্দাবন থেকে যাঁরা সঙ্গী হয়েছিলেন, তাঁদের দুজনের নাম লেখো ।

(খ) যে কোনো দুই প্রকার শ্রবণজাত পূর্বরাগের নাম লেখো ।

(গ) নিমাইয়ের অগ্রজের নাম কী ? সন্ন্যাস গ্রহণের পর তিনি কী নামে পরিচিত হন ?

(ঘ) “শ্রীহটে এসব বৈষ্ণবের অবতার”—

শ্রীহটে জন্মগ্রহণ করেছেন এমন দুজনের নাম লেখো ।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) “নয়নক নিন্দ গেও বয়নক হাস ।

সুখ গেও পিয়া-সঙ্গ দুখ হাম পাশ ॥”

মাথুর পর্যায়ে শ্রীকৃষ্ণ বিরহে রাধার মর্ম-বেদনার চিত্রটি পরিস্ফুট করো ।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“রূপে ভরল দিষ্টি সোঙরি পরশ মিষ্টি  
পুলক না তেজই অঙ্গ ।  
মোহন মুরলী-রবে শ্রুতি পরিপূরিত  
না শুনে আন পরসঙ্গ ॥”

(গ) “জানিলেন অন্তর্যামী শ্রীশচীনন্দন ।  
চিন্তে আছে বিপ্রেরে দিবেন দরশন ॥”

গৌরান্দ সর্বপ্রথম কাকে নিজ স্বরূপে দর্শন দিয়েছিলেন ?  
আখ্যানটি ব্যক্ত করো ।

(ঘ) “এই মত কত দিন বিদ্যারস-রঙ্গে ।  
আছিল ঈশ্বরপুরী গৌরচন্দ্র সঙ্গে ॥”

গৌরান্দ ও ঈশ্বরপুরীর শাস্ত্রালোচনার প্রসঙ্গটি আলোচনা  
করো ।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

হরিভক্তিশূন্য হইল সকল সংসার ।  
অসৎসঙ্গ অসৎপথ বহি নাহি আর ॥  
নানারূপে পুত্রাদির মহোৎসব করে ।  
দেহ গৃহ ব্যতিরিক্ত আর নাহি স্ফুরে ॥

৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের  
উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) ‘অভিসার’ কাকে বলে? তোমার পঠিত পদ অনুসরণে  
এই পর্যায়ের পদ রচনায় গোবিন্দ দাসের কৃতিত্বের পরিচয়  
দাও ।

- (খ) 'প্রেমবৈচিত্র্য' বলতে কী বোঝো? পঠিত পদ থেকে উদাহরণ দিয়ে এই পর্যায়ের ভাব-সৌন্দর্য পরিস্ফুট করো।
- (গ) তোমার অধীত পদ অবলম্বনে 'বৈষ্ণব পদাবলী'র সাহিত্যিক মূল্য নিরূপণ করো।

খ—গুচ্ছ

- (ঘ) 'চৈতন্য-ভাগবত' কাব্যে শ্রীচৈতন্যদেবের মানবিক রূপ কতখানি পরিস্ফুট হয়েছে? তোমার পাঠ্যাংশ অবলম্বনে বিষয়টি পর্যালোচনা করো।
- (ঙ) "শ্রীচৈতন্যের বাল্যজীবনের মধ্যে বৃন্দাবন দাস শ্রীকৃষ্ণের বাল্যজীবনেরই রূপভেদ দেখেছিলেন।" 'চৈতন্য ভাগবত'-এর তোমার অধীত পর্ব অবলম্বনে আলোচনা করো।
- (চ) 'চৈতন্য ভাগবত'-এর আদিখণ্ডে তোমার অধীত পর্বের ভিত্তিতে কাব্যটিতে আদর্শ জীবনীকাব্যের লক্ষণ কতটুকু পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো।

\*\*\*